যায়যায়দিন

তারিখ 4 MAR 2009
পৃষ্ঠা ১ কলাম ৩

## ঢাকা কলেজে ভর্তি প্রক্রিয়া বন্ধ করে দিয়েছে ছাত্রলীগ

যায়াদি রিপোর্ট

অনার্স প্রথম বর্ষে ভর্তিতে কোটা না দেয়ায় ছাত্রলীগ ক্যাডাররা ঢাকা কলেজের ভর্তি প্রক্রিয়া বন্ধ করে দিয়েছে। নিজেদের দাপট জাহির করতে এ সময় তারা ক্যাম্পাসে ককটেল পৃ-১০ ›› ক ৩

## ঢাকা কলেজে ভর্তি

(প্রথম পৃষ্ঠার পর)

বিস্ফোরণ এবং মেধা তালিকায় ভর্তিচ্ছুদের মারধর করেছে বলে প্রত্যক্ষদর্শীরা জানায়।

গতকাল ঢাকা কলেজে ২০০৮-০৯ শিক্ষাবর্ষের অনার্স ভর্তি পরীক্ষায় মেধা তালিকার ভর্তিচ্ছুদের ভাইভা পরীক্ষা ছিল। সকাল থেকেই ছাত্রলীগ ভর্তিতে কোটা দেয়ার জন্য অধ্যক্ষ প্রফেসর আনোয়ারুল আলম খানকে চাপ দেয়। তিনি এ ব্যাপারে অস্বীকৃতি জানালে ছাত্রলীগ ক্যাডাররা মেধা তালিকা কোটায় ভর্তি হতে আসা শিক্ষার্থীদের কাগজপত্র ছিঁড়ে ফেলে এবং মারধর করে বলে প্রত্যক্ষদর্শীরা জানায়। এ সময় ক্যাম্পাসে ককটেল বিস্ফোরণ ঘটানো হলে ভর্তি হতে আসা ছাত্র ও অভিভাবকদের মধ্যে ভীতি ছড়িয়ে পড়ে। পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠায় কর্তৃপক্ষ ভর্তি প্রক্রিয়া বন্ধ করে দেয়।

ভর্তিতে ছাত্রলীগ নিজেদের পছন্দে ভর্তির জন্য কোটা দাবির সত্যতা স্বীকার করে ঢাকা কলেজের অধ্যক্ষ প্রফেসর আনোয়ারুল আলম খান বলেন, এ ধরনের কোনো অবৈধ সুযোগ দেয়া হবে না বলে ছাত্রলীগকে জানানো হয়েছে। প্রয়োজনে শিক্ষা মন্ত্রণালয়ে এ ব্যাপারে জানানো হবে। আজ থেকে আবার ভর্তি প্রক্রিয়া শুরু হবে বলে তিনি জানান।

ঢাকা কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক আরিফুজ্জামান টুটুল বলেন, এ ঘটনায় ছাত্রলীগের কেউ জড়িত নয়, কয়েকজন সাধারণ ছাত্র মিলে তাদের কোনো আত্মীয়ের ভর্তির সুপারিশ নিয়ে এ ঘটনা ঘটিয়েছে।